# ইকোফিশ প্রকল্পের মাধ্যমে

## ইলিশ সংরক্ষণ ও উন্নয়নের জন্য ৩.৫ কোটি টাকার তহবিল গঠন






### তহবিলের নামঃ ইলিশ সংরক্ষণ ও উন্নয়ন তহবিল; তহবিলের পরিমাণঃ প্রাথমিক সীড মানি ৩.৫ কোটি টাকা

**তহবিলের উৎসঃ** ইলিশ সম্পদ রক্ষা ও ব্যবস্থাপনায় সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপের ধারাবাহিকতায়, মৎস্য অধিদপ্তরের আওতাধীন ইউএসএআইডি (USAID) এর আর্থিক সহায়তায়, ওয়ার্ল্ডফিশ ও মৎস্য অধিদপ্তরের মাধ্যমে যৌথভাবে বাস্তবায়নাধীন ইকোফিশ প্রকল্পের মাধ্যমে এ তহবিলের প্রাথমিক ভিত্তি বা সীড মানি হিসেবে ৩.৫ কোটি টাকার সংস্থান করা হয়েছে।

**তহবিল ব্যবহারের উদ্দেশ্যঃ** ইলিশের স্থায়িত্বশীল উন্নয়ন ও দরিদ্র জেলেদের জীবনমানের উন্নয়ন করা। সুনির্দিষ্টভাবে এ তহবিলের উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- জাটকা সংরক্ষণ, মা ইলিশ রক্ষা, উপকূলীয় নদ-নদীতে মৎস্য সম্পদ ধ্বংসকারী অবৈধ জাল ব্যবহার বন্ধ ও ইলিশ অভয়াশ্রম সুরক্ষার মাধ্যমে ইলিশের টেকসই উন্নয়ন;
- জেলেদের জীবনমান উন্নয়ন;
- ইলিশ সম্পদ উন্নয়নের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং
- ইলিশ আহরণ, পরিবহন, মজুদ ও বিপণনে কার্যকর মাননিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তনে সহায়তা প্রদান।

**তহবিল পরিচালনা পদ্ধতিঃ**

- তহবিলের সীড মানি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকে মেয়াদী আমানত হিসেবে সংরক্ষিত থাকবে। এর লভ্যাংশের ১০% ক্রমপুঞ্জিতভাবে সীড মানি এর সাথে যুক্ত হবে। সেই একই ব্যাংক শাখায় অপর একটি "সঞ্চয়ী হিসাব" থাকবে যাতে লভ্যাংশের অবশিষ্ট ৯০% অর্থ ক্রমপুঞ্জিত ভাবে জমা হতে থাকবে। 'সঞ্চয়ী হিসাব' হতে প্রতি বছর ইলিশ সম্পদ উন্নয়নে উপজেলা কমিটির অনুকূলে কর্মসূচি/কার্যক্রম প্রস্তাবের প্রাক্কলিত চাহিদার প্রেক্ষিতে ২০% অর্থ ছাড় করা যাবে। বাকী ৮০% আবর্তক তহবিল হিসেবে ব্যবহার করে নির্দেশিকা মোতাবেক সুদমুক্ত ঋণ (৫% সার্ভিস চার্জ প্রযোজ্য) প্রদান করা হবে;
- কেন্দ্রীয়ভাবে মেয়াদী আমানত ও সঞ্চয়ী হিসাব উভয় ক্ষেত্রেই মৎস্য অধিদপ্তরের, মহাপরিচালক এবং উপ-পরিচালক (অর্থ ও পরিকল্পনা) বা উপ-পরিচালক (মৎস্য চাষ) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;
- "ইলিশ সংরক্ষণ ও উন্নয়ন তহবিল" ব্যবহারের জন্য নির্দিষ্ট উপজেলা কমিটি, জেলা কমিটি ও কেন্দ্রীয় কমিটি গঠিত হবে। উপজেলা কমিটি সংশ্লিষ্ট উপজেলায় রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকে নির্দেশিকা মোতাবেক সঞ্চয়ী হিসাব পরিচালনা করে প্রাপ্ত অর্থ ব্যবহার করবে।

**তহবিলের সুবিধাভোগীগণঃ** ১) পদ্মা, মেঘনাসহ উপকূলীয় এলাকার সরকারের আইডি কার্ডধারী জেলে সম্প্রদায়, ২) সংরক্ষিত এলাকা বাস্তবায়নে গঠিত ইউনিয়ন, উপজেলা ও জেলা সহ-ব্যবস্থাপনা কমিটি সমূহ, ৩) জেলে বধুদের সংগঠন "জেলে বধু সঞ্চয়ী গ্রুপ" সমূহ, ৪) ইলিশ মাছ ও জীববৈচিত্র্য রক্ষা ও সরকারের আইন কানুন বাস্তবায়নে সহায়তাকারী "কমিউনিটি ফিস গার্ড" এবং ৫) জেলেদের কল্যাণে গৃহীত সরকার কর্তৃক অনুমোদিত কার্যক্রমসমূহ।

**ভবিষ্যৎ পরিকল্পনাঃ** ১) ইকোফিশ প্রকল্প কর্তৃক প্রদত্ত ৩.৫ কোটি টাকার মেয়াদি আমানত থেকে প্রাপ্ত মুনাফার ১০% ক্রমপুঞ্জিতভাবে এ তহবিলের সাথে জমা করে এর পরিমাণ বৃদ্ধি করা, ২) তহবিল সংগ্রহ ও বাস্তবায়নের লক্ষ্যে সরকার কর্তৃক একটি নীতিমালা গ্রহণ করার সুপারিশ করা, ৩) তহবিলকে আরও সমৃদ্ধ করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প সমূহ থেকে এ তহবিলে অনুদান প্রদানের পরামর্শ প্রদান, এবং ৪) সরকারের অনুদানের মাধ্যমে এ তহবিলের পরিমাণ বাড়িয়ে ইলিশ এবং অন্যান্য মৎস্য জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়নের কার্যক্রমসমূহ আরও বেগবান করা।

USAID আমেরিকার জনগণের পক্ষ থেকে

WorldFish